পূর্ব ও উত্তর উভয় বৈকালীর ‘যৌথ সম্পদ’ স্বদেশে লেখা গান ও কবিতা। সে হিসাবে উত্তর-বৈকালীর যে-দুটি গান পূর্ব-বৈকালীতে প্রত্যাশিত অথচ নাই, প্রথম স্থচীপত্রে তাহাদের সংখ্যা— ‘৩৬’ ও ‘৩৮’। দ্বিতীয় স্থচীপত্রে উহাদের স্থান শৃঙ্গ।

\* ৩২টি গান প্রবাসী পত্রে ( আবাঢ়-কার্তিক ১৩৩৩ ) ‘বৈকালী’ পর্যায়ে মুদ্রিত। অধিকন্তু ইহার ৩টি গান ‘কষ্টিপাথর’ অংশে শাস্তিনিকেতন পত্র হইতে ( নববর্ষ : বৈশাখ ১৩৩৩ ) পূর্বেই সংকলিত ( জ্যৈষ্ঠ ১৩৩৩ )।

? ‘৩১’ সংখ্যায় চিহ্নিত করিয়া কোন্টির নির্দেশ হইতে পারে বলা যায় না। অর্থাৎ, উত্তর-বৈকালীর নষ্ট দুই পাতায় বা চার পৃষ্ঠায় ২৮-৩০ -সংখ্যক তিনটি গান সম্পর্কে অনুমানের গ্রায়তা থাকিলেও, তাহার বাহিরে আর-একটি সম্পর্কে সংশয় থাকিয়াই যায়। দ্রষ্টব্য প্রথম স্থচীপত্রে সংখ্যা ‘২৮’ - ‘? ৩১’ এবং ষষ্ঠ পাদটাকার প্রথম অনুচ্ছেদ।

১৩ শ্রীমতী লীলা মজুমদারের স্বাক্ষরসংগ্রহের খাতায় ৪ ছত্রে প্রথম রচনা ৫ চৈত্র ১৩৩২ তারিখে। সেইটি গান ও কবিতার বীজরূপ। সেই দিনে অথবা দু-এক

দিনের মধ্যে ( ১২ চৈত্রের পরে নয় ) যে গীতিকবিতায় উহার পরিণতি, আধাৰ-পাঞ্চলিপিতে ( রবীন্দ্রপাঞ্চলিপি ২৭ ) তাহা বিচ্ছি রেখাজালে ও মসীবিলেপনে অবলুপ্তপ্রায় । অথচ দেশে থাকিতেই একটি ‘গ্রাহপাঠ’ লেখা হয় তাহার সাক্ষ্য ‘প্ৰবাসী’-পাঞ্চলিপিতে । বিদেশে উহার আৱ-এক কল্পেৱ উদ্ভূত আধাৰ-পাঞ্চলিপিতেই, তাহা পৱবৰ্তী তৃতীয় স্থূলিপত্রে পাঞ্চলিপি-পৱিগণিত ‘৪৭’ সংখ্যায় ও ২৩-সংখ্যক পাদটীকায় দেখা যাইবে । গীতিবিতানে প্ৰচল গান -কল্পে ষাহার সংকলন তাহা আৱও পৱে ( ভাস্তু ১৩৩৫ ) দেখা দেয় ১২৭-সংখ্যক রবীন্দ্র-পাঞ্চলিপিতে মহায়া কাব্যেৱ পৱিকল্পনা-কালে ।

পারম্পর্য হৃষি একঙ্গ না হইলেও নির্দিষ্ট কাল-সীমার মধ্যে স্বদেশে লেখা একই গান-কবিতার গুচ্ছ পূর্বোত্তর উভয় বৈকালীতে থাকিবার কথা। কিন্তু যে-কোনো কারণে হটক, সে প্রত্যাশার সর্বথা পূরণ হয় না। কেননা—

১ নষ্ট পাতার সংখ্যার সহিত রচনার সংখ্যা মিলাইয়া মনে হয়, পূর্ব-বৈকালীর স্থানীয় কবিতা ‘পরবাসী চলে এসো ঘরে’ ( বর্তমান সংকলনে ক্রমিক সংখ্যা ৩৯ ) উত্তর-বৈকালী’তে দেওয়া হয় নাই এবং আমাদের অনুমানে বর্তমান সংকলনের ‘৩১’ ‘৩২’ ‘৩৩’ ( প্রথম তথা দ্বিতীয় স্থচীপত্রের ২৮, ২৯, ৩০ ) দেওয়া হইলেও, নটীর পূজার গীতিগুচ্ছের আনুষঙ্গে—

আর রেখে না আঁধারে ( পূর্ব-বৈকালীতে নাই )	}
আঁধারের লীলা হে চির নৃতন মরণসাগরপারে	

( দ্বিতীয় স্থচীপত্রে ?-চিহ্নিত )

উল্লিখিত চারিটি গানের ঠিক কোন্টি সংকলন করায় উত্তর-বৈকালীতে ৩১ সংখ্যা পূর্ণ হইয়াছিল, তাহাও জানা নাই। একাধিক গানের স্থান ছিল না। ‘? ৩১’ সংখ্যা দিয়া প্রথমটির স্থান দেওয়া হইয়াছে প্রথম স্থচীপত্রে।

- ২ উত্তর-বৈকালীতে থাকিলেও, ‘আপনহারা মাতোয়ারা’ ও ‘আজি এই মম সকল ব্যাকুল’ গীতিকবিতা-ছুটি ( বর্তমান সংকলনের ‘৪২’ ও ‘৪৩’ কিন্তু উত্তর-বৈকালীতে ‘৩৬’ ও ‘৩৮’ সংখ্যা ) পূর্ব-বৈকালীতে দেওয়া হয় নাই; এজন্যই সংকলিত দ্বিতীয় স্থচীপত্রে পাওয়া যাইবে না।
- ৩ বাংলা ১৩৩২ সনের মাঘ শেষ না হইতে ‘ওগো জলের রানী’ ( সংকলিত উভয় স্থচীপত্রেই সংখ্যা ‘৩৭’ এবং বর্তমান সংকলনে ‘২০’ ) লেখা হয় একঙ্গ অনুমানের কারণ আছে; উহার পুরোগামী গীতিকবিতা না ধরিলেও, রবীন্দ্রনাথের পুরাতন খসড়া-পাঞ্চলিপিতে দেখা যায় উহার পরে, এমন-কি, পূর্বোত্তর বৈকালীতে সংকলিত আরও ছুটি গানের পরে লেখা হয়—

সে যে মনের মানুষ কেন তারে ইত্যাদি।

এই গান এবং হয় তো ইতঃপূর্বে উল্লিখিত ‘আর রেখে না আঁধারে আমায়’ নটীর পূজা’র এই গানটি কোনো বৈকালীতে সংকলন করা হয় নাই। একমাত্র অনবধানই ইহার কারণ হইতে পারে।

শ্রীমতী রমা মজুমদার ( কর ) -সংগৃহীত রবীন্দ্রনাথের যে পুরাতন খসড়া-

পাঞ্জুলিপির উল্লেখ এইমাত্র করা হইল, তাহাতে বৈকালীর যে কয়টি গান পর-পর  
পাওয়া যায় তাহার এক তালিকা এখানেই দেওয়া চলে—

সংখ্যা :	বৈকালী	পূর্ব-বৈকালী	বর্তমান
১ ওগো জলের রানী	৩৭	৩৭	২০
২ আপনহারা মাতোয়ারা	৩৬	×	৪২
৩ এসো আমার ঘরে	৩৫	৩৫	২৮
৪ সে যে মনের মাঝুষ কেন তারে	×	×	×
৫ বনে যদি ফুচ্ছল কুশুম	৩৪	৩৪	২৭

সমুদয় বৈকালীর আধাৱ-স্বৰূপ যে রবীন্দ্রপাঞ্জুলিপির (অভিজ্ঞান-সংখ্যা ২৭) প্রাসঙ্গিক  
স্থচীপত্র পৱে দেওয়া ষাইতেছে তাহাতে দেখা ষাইবে, উল্লিখিত গীতপঞ্চকের  
চতুর্থ বাদ দিয়া চারিটি আছে বিপৰীত পারম্পর্যে ; এ কারণে এবং তেমন কোনো  
কাটাকুটি নাই বলিয়াও মনে হয়, সম্ভবতঃ ‘কর-পাঞ্জুলিপি’ হইতেই সকল করা হইয়াছে  
(অনবধানে একটি বাদ পড়িয়াছে ? )— ২৭-সংখ্যক রবীন্দ্রপাঞ্জুলিপিই উহাদের  
মূলাধাৱ বা খসড়া-থাতা হইতে পারে না।

২৭-সংখ্যক রবীন্দ্রপাঞ্জুলিপি পূর্ব উত্তৰ এবং বর্তমান সকল বৈকালীর আধাৱ-  
পাঞ্জুলিপি-স্বৰূপ এবং অধিকাংশ রচনার খসড়া-থাতাও বটে। সেই পাঞ্জুলিপিতে  
মধ্যে-মধ্যে রচনার তারিখ ষেমন দেওয়া আছে,<sup>১৪</sup> কবিতা-গানের পারম্পৰ্য হইতেও  
রচনাকাল সম্পর্কে স্বস্পষ্ট ধাৱণা করা যায় (কেবল স্থচীপত্র-ধৃত ‘২’—‘৫’-এর পারম্পৰ্য  
উল্টাইয়া লওয়া দৱকার কর-পাঞ্জুলিপিৰ সাক্ষ্য-অনুযায়ী) ; তাহা ছাড়া অন্যান্য  
স্থত্ৰে অনেক রচনার স্বনির্দিষ্ট তারিখ জানা যায়— এ বিষয়ে বিশেষ আলোকপাত হয়  
ত্ৰিঅনাদিকুমাৱ দস্তিদারেৱ সমকালীন থাতাপত্ৰে। রবীন্দ্ৰনাথ নৃতন গান রচনা কৱিয়াই  
তাহার ‘সকল গানেৱ ভাণুৱী’ দিনেন্দ্ৰনাথকে অথবা সমীপস্থ অন্য কোনো গায়ক-  
গুণীকে ডাক দিতেন ওই গান কঢ়ে ধাৱণ কৱিতে ; এজন্য তাহাদেৱ সংগৃহীত  
রবীন্দ্রপাঞ্জুলিপিতে বা থাতা-পত্ৰে যে তারিখ বা যে সময় জানা যায়, সচৱাচৱ তাহা  
অভ্যন্ত হইতে দেখা গিয়াছে। শ্ৰদ্ধেয় অনাদিকুমাৱ দস্তিদারেৱ নিকট ষে-যে তারিখ  
জানা গিয়াছে, পৱবৰ্তী স্থচীপত্রে তাহার নামোল্লেখে বক্ষনী-মধ্যে সেগুলি সংকলন কৱা  
হইবে।—

১৪ পৱবৰ্তী স্থচীপত্রে ষে তারিখেৱ অন্য কোনো স্থত্ৰ দেওয়া নাই তাহা সব সময়েই  
পাঞ্জুলিপি ২৭-ধৃত। স্থচীপত্রেৱ প্ৰথম সারিতে পাঞ্জুলিপিৰ মুদ্ৰিত পৃষ্ঠাকেৱ  
উল্লেখ। পৱে পাঞ্জুলিপি-গত পারম্পৰ্যেৱ গণনা কেবল বৈকালী লইয়া। প্ৰত্যেক  
ক্ষেত্ৰে উদ্ধৃত স্থচনাংশেৱ পাঠ ও বানান পাঞ্জুলিপি-সম্মত।

॥ ৩ ॥ রবীন্দ্রপাণ্ডলিপি ২৭১৯

বর্তমান বৈকালী প্রসঙ্গে গান ও কবিতার সামগ্রিক সূচীপত্র

পাণ্ডলিপি-ধৃত	স্থচনা	বর্তমান গ্রহণ
পৃষ্ঠা পারম্পর্য	স্থচনা	রচনা জৰুৰিক সংখ্যা
1 ১	পরবাসী চলে এসো ঘৰে শেষ ২ স্তবকের পূর্বে : ২২ মাঘ ১৩৩২	৩৯
4 ২	বনে ষদি ফুটল কুমুম (৪)১৬ উত্তর-বৈকালী : ফাস্তন ১৩৩২	২৭
5 ৩	এসো আমাৱ ঘৰে (৩) তদেব : ফাস্তন ১৩৩২	২৮
6 ৪	আপনহারা মাতোয়ারা (২) তদেব : ফাস্তন ১৩৩২	৪২
7 ৫	ওগো জলেৱ রাণী (১)১৬ তদেব : ফাস্তন [ ? ] / ১৩৩২	২০
8 ৬	দোলে প্ৰেমেৱ দোলন টাঁপা ১১ ফাস্তন [ ১৩৩২ ]	১
10 ৭	ফাগুনেৱ নবীন আনন্দে ১৫ ফাস্তন ১৩৩২	২
17 ৮	অনন্তেৱ বাণী তুমি [ বসন্তেৱ দৃতী তুমি ] রবি/ভাৱতী : ১৮/২১ ফাস্তন '৩২ ৩	

১৫ শাস্তিনিকেতনে রবীন্দ্রসদন-সংগ্ৰহেৱ এই পাণ্ডলিপি মূলতঃ ১৯২৬ খুস্টাকেৱ এক ডায়ারি ; এক-এক তাৰিখে এক-এক পৃষ্ঠা। রচনাৰ খসড়া-থাতা বলিয়া ( ব্যতিক্ৰম সংজ্ঞবতঃ স্থচনাৰ ১৬টি গীতিকবিতা, বিশেষতঃ সংখ্যা '২'-'৫' / পৃষ্ঠা '৪'-'৭' ) কেবল বৈকালীৰ গান-কবিতা নয়, অন্য কবিতা, বিশেষতঃ লেখন-উদ্দিষ্ট বহু কবিতিক। ( লেখন-বহিৰূপ ও স্ফুলিঙ্গ-ধৃত কয়েকটি ) ইহাতে স্থান লইয়াছে। রচনাৱিক্ষণ বা রচনা থাকিলেও যসীবিলেপনে লুপ্তপ্ৰায় বা প্ৰচলন একপ পৃষ্ঠা যেমন আছে, ছিঁড়িয়া ফেলা হইয়াছে এমন পাতাৰ সংখ্যাও নিতান্ত অল্প নয়। বৈকালী শেষ হওয়াৰ সঙ্গে সঙ্গে ( পৃষ্ঠা '201', অথবা বর্তমান সংকলন-ধৃত আৱে ও ২টি গান ধৱিলে পৃষ্ঠা '203'— বৈকালীৰ সীমা ), অৰ্থাৎ ১৯২৬ সনেৱ শেষে দেশে ফিরিয়া, কবি 'নটীৱ পূজা'ৰ নবৰূপায়ণে মনোনিবেশ কৱেন ; তাহাৱে পৱে 'নটৱাজ' মৃত্যুগীতাভিনয়েৱ কল্পনা কৱিব মনে আসে— এই পাণ্ডলিপিৰ বৈকালী-উত্তৰ অংশে তাহাৱে সাক্ষ্য আছে।

১৬-১৬ স্থচনাৰ পৱে পৱে বক্ষনীবন্ধ সংখ্যা দিয়া যথাৰ্থ পারম্পৰারেৱ নিৰ্দেশ কৱ-পাণ্ডলিপি -অঙ্গুস্তারে। পৱবৰ্তী রবীন্দ্র-পাণ্ডলিপিৰ তালিকায় কৱ-পাণ্ডলিপিৰ উল্লেখ প্ৰথমেই আছে। অন্তত এই গীতচতুষ্টয় সম্পর্কে উহাকেই পূৰ্বতন আধাৱ-পাণ্ডলিপি বলিতে হয়। ২৭-সংখ্যক রবীন্দ্রপাণ্ডলিপিতে নকল কৱিবাৱ কালে বিশ্লাসেৱ বিপৰ্যয় হইয়াছে, অৰ্থাৎ কালক্রমেৱ বৈপৰীত্য ; নকল বলিয়াই কাটাকুটি

18	১০	তোমার বীণা আমার মনোমারো [ নির্মলকুমারী : চৈত্র ১৩৩২ ] <sup>১৭</sup>	৪
19	১০	[ ‘আধারের লীলা’ গীতিকবিতার মসীবিলিপ্তি ও তিরঙ্গত পূর্বপাঠ [ ১২ চৈত্র ১৩৩২ ] ]	২৯
20	১১	চপল তব নবীন আখি স্তবক ১-২ -উত্তর : ১২ চৈত্র ১৩৩২	৫
22	১২	নৃপুর বেঞ্জে যায় ...	৬
23	১৩	লিখন তোমার ধূলায় হয়েছে ধূলি ...	৭
24	১৪	জানি তোমার অজ্ঞানা [ অনাদি : ১৬ চৈত্র ১৩৩২ ]	৮
27	১৫	কি ফুল ঝরিল বিপুল [ অনাদি : ১৭ চৈত্র ১৩৩২ ]	৯
28	১৬	আমার লতার প্রথম মুকুল [ অনাদি ১৭ চৈত্র ১৩৩২ ]	১০
29	১৭	কেন রে এতই যাবার ভরা [ অনাদি : সকাল ১৮ চৈত্র ১৩৩২ ]	১১
30	১৮	কাঁদার সময় অল্প ওরে [ অনাদি : সকাল ১৮ চৈত্র ১৩৩২ ]	১২
31	১৯	বিনা সাজে সাজি [ অনাদি : সকাল ১৯ চৈত্র ১৩৩২ ]	১৩
33	২০	কি পাই নি তারি [ অনাদি : হৃপুর ১৯ চৈত্র ১৩৩২ ]	১৪

নাই বলিলে চলে। এখন দেখিতে হইবে— আলোচ্য গীতচতুষ্পঞ্চের যে গান ‘ওগো জলের রানী’ কর-পাণুলিপি অঙ্গসারে অগ্রগণ্য, ফাস্তনে তাহা লেখা হয় কি না সন্দেহ। সংকলিত দ্বিতীয় স্থচীপত্রে ‘১৯’ ও ‘২০’র অন্তর্বর্তী [৩১] সংখ্যায় দেখা যাইবে ভারতীতে ১৩৩২ সনের কার্তিক-অগ্রহায়ণে ইহার প্রথম প্রকাশ এবং প্রবাসী পত্রের ‘কষ্টিপাথর’ অংশে পরবর্তী ফাস্তনেই সংকলন। গানটি ফাস্তনে লেখা ও ছাপা হইলে, ফাস্তনের প্রবাসীতে তাহার সংকলন আশা করা যায় না। প্রচলিত গীতবিতান-৩ -অঙ্গসারে, কবির ‘দালিয়া’ ছোটো গল্পের আখ্যান লইয়া যে নাটক রচনার সংকল্প ছিল, ইহা তাহারই প্রস্তাবনা-গীত।

অবশিষ্ট তিনটি গানের সহিত পরের ছুটি গান যোগ করিয়া একটি শুচ্ছ বাখিলে দেখা যায়, ‘রবীন্দ্রনাথ ও ত্রিপুরা’ ( আশিন ১৩৬৮ ) গ্রন্থ-অঙ্গসারে সব-ক’টি গান ( ২৭-সংখ্যক রবীন্দ্র-পাণুলিপিতে পৃষ্ঠাঙ্ক স্থানক্রমে ৬, ৫, ৪, ৮ এবং ১০ ) ত্রিপুরায় বা আগরতলায় লেখা। ‘রবি’ ত্রৈমাসিক অঙ্গুষ্ঠায়ী ( একাদশ পাদটীকা দ্রষ্টব্য ) আগরতলায় কবির এই স্থিতিকাল ১০-১৪ ফাস্তন ১৩৩২। এই শুচ্ছের শেষ গানের তারিখটি বিশেষ উপলক্ষ্যের ঘোতক, র চ না র নয় তাহা জানা যাইবে পরবর্তী রবীন্দ্র-পাণুলিপির বিবরণে ( সংখ্যা ২ )। বর্তমান গ্রন্থের ‘৯৯’ পৃষ্ঠা দ্রষ্টব্য।

১১ দ্রষ্টব্য শ্রীমতী নির্মলকুমারী মহলানবিশ -প্রণীত : বাইশে প্রাবণ ( ১৩৭৩ ), পৃ ৩৪-৩৭

34	২১	সেই ভালো সেই ভালো	...	...	...	১৫
37	২২	অনেক কথা ষাও যে বলে [ অনাদি : ২১ চৈত্র ১৩৩২ ]				১৬
38	২৩	দে পড়ে দে আমায় তোরা	...	...	...	১৭
39	২৪	পাতার ভেলা ভাসাই নীরে	...	...	...	১৮
40	২৫	এবার এল সময় রে তোর [ অনাদি : সকাল ২৩ চৈত্র ১৩৩২ ]				১৯
43	২৬	শেষ বেলাকার শেষের গানে [ অনাদি : ২৫ চৈত্র ১৩৩২ ]				২১
44	২৭	আধেক ঘূমে নয়ন চুমে	...	...	...	২২
45	২৮	এ পথে আমি যে	...	...	...	২৩
47	২৯	আমার প্রাণে গভীর গোপন	...	...	...	৩১
48	৩০	হার মানালে ভাঙ্গিলে অভিমান [ অনাদি : সকাল ২১ চৈত্র ১৩৩২ ]				৩২
49	৩১	দিন পরে যায় দিন	...	...	...	২৪
51	৩২	বাঁধন ছেঁড়ার সাধন হবে	...	...	...	৩৩
52	৩৩	আপনারে দিয়ে      উত্তর-বৈকালী : ১ বৈশাখ ১৩৩২				৩৫
53	৩৪	তুমি কি এসেছ মোর দ্বারে      তদেব : ১ বৈশাখ ১৩৩২				৩৬
54	৩৫	হে চিরন্তন	...	...	...	৩৭
55	৩৬	মরণসাগরপারে তোমরা অমর				৩৮
56	৩৭	তপস্থিনী হে ধরণী	...	...	...	২৫
56	৩৮	বিরস দিন, বিরল কাজ	...	...	...	২৬
59	৩৯	নিশ্চীথে কি কয়ে গেল মনে      উত্তর-বৈকালী : ১ বৈশাখ ১৩৩৩				৩০
61	৪০	আর রেখে না আধারে <sup>১৮</sup>				
62	৪১	আজি এই যম সকল ব্যাকুল	উত্তর-বৈকালী : বৈশাখ ১৩৩৩			৪৩
65	( 62 ) ৪২	আমায় ক্ষম হে ক্ষম <sup>১৯</sup>				
67	৪৩	পথে ষেতে ডেকেছিলে	উত্তর-বৈকালী : ৮ বৈশাখ ১৩৩৩			৩৪

১৮ ‘নটীর পূজা’ গীতিশুচ্ছের অন্ততমরূপে বৈকালীতে সংকলন প্রত্যাশিত। অথচ পূর্ব-বৈকালীতে নাই, উত্তর-বৈকালীতে ছিল কি না নিশ্চিত বলা যায় না।

১৯ ‘নটীর পূজা’র বহুথ্যাত গান। ‘ডায়ারি’ হইতে এক পাতা ছিঁড়িয়া ফেলায় উহার পূর্বপাঠের ( যেটি উত্তর-বৈকালীতে সংকলিত / বর্তমান সংকলনে ‘৪৩’ ) মুখ্য-মুখ্য আসিয়া গিয়াছে এবং শেষ স্তবকও লেখা হইয়াছে ‘62’ পৃষ্ঠার নিম্নভাগে। এই উত্তর পাঠ নাট্যগরিমায় বহুপ্রচারিত ও আনুভূত হওয়াতেই বোধ করি স্বতন্ত্র কাব্যে সংকলনের ইচ্ছা কবিত্ব ছিল না। কিন্তু পূর্বপাঠ সম্পর্কে সে কথা বলা

68	৪৪	হে মহাজীবন, হে মহামরণ <sup>২০</sup>	...	...	৪৪
69	৪৫	বাণি যথন ধামবে বরে <sup>২১</sup>	২৯ বৈশাখ ১৩৩৩		৪০
83	৪৬	আশ্রমের হে বালিকা <sup>২২</sup>	১৩ জ্যৈষ্ঠ [ ১৩৩৩ ]		৪১
143	৪৭	ঝাঁঝরের লীলা আলোর রঙে বিরঙ্গে <sup>২৩</sup>		২৯	

চলে না ; এজন্তই পূর্ব-বৈকালীতে না দিলেও উত্তর-বৈকালীতে কবি এটি স্মরণ করিয়াছেন—ঈৎপরিবর্তিত পাঠ পরে ( আশ্বিন ১৩৩৬ ) মহস্তা'র অঙ্গীভূত ।

২০ নটীর পূজা'র গান এই পাঞ্চলিপিতে এখানে শেষ হয় । কবির জন্মোৎসব-অনুষ্ঠানে, শাস্তিনিকেতন আশ্রমে, ২৯ বৈশাখ ১৩৩৩ তারিখের সন্ধিয়ায় ইহার প্রথম অভিনয় । শ্রীমতীর ভূমিকায় শ্রীমতী গৌরীদেবী ( বস্ত্র ) । কবি-কর্তৃক ইহার রচনা ও নাট্যপ্রস্তুতি সম্পর্কে নানা কথা রবীন্দ্রজীবনীতে ও অন্তর্ভুক্ত জানা যায় । শ্রীমতী নির্মলকুমারী মহলানবিশ বলেন ( কবির সঙ্গে যুরোপে / ১৩৭৬ / পৃ ৫ ) : ‘দেখতে দেখতে তিনি দিনের মধ্যে ‘নটীর পূজা’ খাড়া হয়ে উঠল ।... তিনি দিনের দিন পড়া শেষ হলে... রিহার্সেলের পালা । পঁচিশে বৈশাখ সন্ধ্যাবেলা ‘কোণার্ক’ বাড়ীটার চাতালে...’ প্রথম অভিনয়, কবির জন্মোৎসব উপলক্ষে । / অনুমান হয়, নাটকে প্রযুক্ত কতকগুলি গান হয়তো অন্তরের অন্তবিধি প্রেরণায় আগেই লেখা হয় ; ১৩৩৩ বৈশাখের শাস্তিনিকেতন পত্রে ‘নববর্ষ’ শিরোনামে যে কয়টি গান প্রকাশিত তন্মধ্যে রহিয়াছে ‘বাধন ছেঁড়ার সাধন হবে’ ও ‘ভূমি কি এসেছ মোর দারে’ ( বর্তমান সংকলনে ‘৩৩’ ও ‘৩৬’ ) ।

২১ বৈকালী-ধূত স্বদেশে লেখা গান-কবিতার পর্যায় শেষ হয় এই ‘দিনাবসান’ কবিতার ৫ স্তবকে । তন্মধ্যে তৃতীয় স্তবক কাটিয়া দেন কবি আলোচ্য পাঞ্চলিপিতে, একুপ দেখা যায় । ‘প্রবাসী’ পাঞ্চলিপিতে ( পূর্ব-বৈকালী ) ত্যাগ করেন শেষ স্তবক । আর, পরিশেষ কাব্যে ( সন্তবতঃ উত্তর-বৈকালীতেও ) চতুর্থ স্তবক বর্জিত । বৈকালীর বর্তমান সংস্করণে সব-ক'টি স্তবক যথোচিত পারম্পর্যে সংকলিত ।

২২ রচনা ‘রোহিত সাগর’ পার হওয়ার কালে ইহা জানা যায় বৈকালীর লেখাঙ্কনে । আলোচ্য পাঞ্চলিপির পাঠে ‘মাসের বিদ্যায়ক্ষণে’ ইত্যাদি ৬ ছত্র মূল কবিতায় পরে অনুপ্রবিষ্ট ; তাহার স্থান, অবিকল যেমন দেখা যায় পরিশেষ কাব্যে ; শেষ পৃষ্ঠায় ‘স্থৰ্থী হও [ করো ]... রচি লহ নৈবেত্তের মালা ।’ এই ৬ ছত্র তারিখ লেখার পরে সংযোজিত, হয়তো বা ঐ দিনেই রচিত । .

২৩ পুরাতন রচনার নৃতন পাঠ সন্দেহ নাই । বর্তমান স্থৰ্থীপত্রে ‘19’ পৃষ্ঠায় ইহার পূর্বস্থান নির্ধারিত । এ সম্পর্কে পুরোগামী অয়োদশ পাইটিকা দ্রষ্টব্য । পাঞ্চলিপিতে

145	৪১	তদেব : 'লাহিত' ইংরেজি রূপান্তর : ১৭ জুলাই ১৯২৬ [ ১ আবণ ১৩৩৩ ]	
151	৪৮	সে কোন্ পাগল <sup>২৪</sup> ৮ সেপ্টেম্বর ১৯২৬ [ ২২ ভাদ্র ১৩৩৩ ]	৪৫
152	৪৯	কার চোখের চাওয়ার <sup>২৪</sup> ৯ সেপ্টেম্বর ১৯২৬ [ ২৩ ভাদ্র ১৩৩৩ ]	৪৬
153	৫০	রঘ যে কাঙাল <sup>২৪</sup> ১০ সেপ্টেম্বর ১৯২৬ [ ২৪ ভাদ্র ১৩৩৩ ]	৪৭
154	৫১	ছুটির বাঁশি বাজল যে ১৭ সেপ্টেম্বর ১৯২৬ [ ৩১ ভাদ্র ১৩৩৩ ]	৪৮
157	৫২	[ আকাশ, তোমায় কোন् ] <sup>২৫</sup> বস্ত্রমতী : তদেব [ ৩১ ভাদ্র ১৩৩৩ ]	৪৯
158	৫৩	তোর ভিতরে জাগিয়া বস্ত্রমতী : ১৮ সেপ্টেম্বর '২৬ [ ১ আশ্বিন '৩৩ ] ৫০	
161	৫৪	নাই নাই ভয় ১৮ সেপ্টেম্বর ১৯২৬ [ ১ আশ্বিন ১৩৩৩ ]	৫১
163	৫৫	আমার মুক্তি ১৯ সেপ্টেম্বর ১৯২৬ [ ২ আশ্বিন ১৩৩৩ ]	৫২
165	৫৬	সকাল বেলার আলোয় ২০ সেপ্টেম্বর ১৯২৬ [ ৩ আশ্বিন ১৩৩৩ ]	৫৩
167	৫৭	ভালো লাগার শেষ যে [ মধুর, তোমার শেষ যে ] ২১ সেপ্টেম্বর ১৯২৬ [ ৪ আশ্বিন ১৩৩৩ ]	৫৪
168-69	৫৮	চাহিয়া দেখো রসের ২৪ সেপ্টেম্বর ১৯২৬ [ ৭ আশ্বিন ১৩৩৩ ]	৫৫
171	৫৯	পুপে, ] তুমি উষার সোনার বিনু তদেব [ ৭ আশ্বিন ১৩৩৩ ]	৫৬
172	৬০	আপন গানের টানে ২৫ সেপ্টেম্বর ১৯২৬ [ ৮ আশ্বিন ১৩৩৩ ]	৫৭
175	৬১	আপ্নি আমার কোন্খানে ৬ অক্টোবর ১৯২৬ [ ১৯ আশ্বিন ১৩৩৩ ]	৫৮
177	৬২	ওগো সুন্দর, একদা কি জানি ১১ অক্টোবর ১৯২৬ [ ২৪ আশ্বিন '৩৩ ]	৫৯
179	৬৩	কোথায় ফিরিস ১২ অক্টোবর ১৯২৬ [ ২৫ আশ্বিন ১৩৩৩ ]	৬০
181	৬৪	আকাশে তোর তেমনি ২০ অক্টোবর ১৯২৬ [ ৩ কার্তিক ১৩৩৩ ]	৬১
183	৬৫	পথ এখনো শেষ হল না ২১ অক্টোবর ১৯২৬ [ ১০ কার্তিক ১৩৩৩ ]	৬২
185	৬৬	দিনের বেলায় বাঁশি ৩০ অক্টোবর ১৯২৬ [ ১৩ কার্তিক ১৩৩৩ ]	৬৩
187	৬৭	পাহু পাথীর রিষ্ট কুলায় <sup>২৬</sup> ৯ নবেম্বর ১৯২৬ [ ২৩ কার্তিক ১৩৩৩ ]	৬৪
197	৬৮	তব অমৃত্ব বাণী [ অরূপ, তোমার বাণী ] ২১ নবেম্বর ১৯২৬ [ ৫ অগ্রহায়ণ ১৩৩৩ ]	৬৫

পরবর্তী ভাষান্তর বা রূপান্তর ( মধ্যে অন্য লেখা নাই ) আন্তর্স্ত বর্জনচিহ্নিত ;  
সম্ভবতঃ সেই পাঠ অপ্রকাশিত : The frolic of light in the sky of darkness etc.

২৪ রচনার স্থান-কাল-সহ ত্রৈমতী নির্মলকুমারী মহলানবিশের হাতে লেখা ।

২৫ কাগজের অপর পিঠে মসীবিলেপন-হেতু স্থচনার কয় ছত্র দুঃপাঠ্য ।

২৬ ধূয়ায় ফিরিয়া আসার আগে এই গানের সর্বশেষ পদে একটি পাঠপ্রমাণ তথা

199	৬৯	বাঁশি আৰি বাজাই নি কি	২৪ নবেম্বৰ ১৯২৬ [ ৮ অগ্রহায়ণ ১৩৩৩ ]	৬৬
201	৭০	কৃত ষত কৃতি ষত	২৫ নবেম্বৰ ১৯২৬ [ ৯ অগ্রহায়ণ ১৩৩৩ ]	৬৭
203	৭১	ষা পেয়েছি প্রথম দিনে	তদেব [ ৯ অগ্রহায়ণ ১৩৩৩ ]	৬৮

পূর্ব-বৈকালীর গীতিকবিতাবলীর সাময়িক পত্রে প্রচার তালিকাবন্ধ হইয়াছে দ্বিতীয় স্থচীপত্রে। অগ্রাঞ্চ গানের সাময়িক পত্রে প্রচার তৃতীয় স্থচীপত্রে নাই; পাণু-পারস্পর্যের ও বর্তমান গ্রন্থের ক্রমিক সংখ্যা-সহ এখানে দেওয়া গেল—

রবীন্দ্রপাণ্ডুলিপি ২১	সাময়িক পত্রে প্রচার	বর্তমান গ্রন্থে
৪৮-৫৫	গীতাঞ্জলি মাসিক বস্তুমতী। বৈশাখ ১৩৩৪, পৃ ২-৪	৪৫-৫২
৫৬-৫৮, ৬০-৬১	গীতপঞ্জক সবুজ পত্র। কার্তিক-অগ্রহায়ণ ১৩৩৩, পৃ ১৮৯-১৯২	
		৫৩-৫৫, ৫৭-৫৮
৬২-৬৪	গান উত্তরা। মাৰ ১৩৩৩, পৃ ৩৭৫-৭৬	৫৯-৬১
৬৫-৬৭	গান উত্তরা। ফাল্গুন ১৩৩৩, পৃ ৪৩৭-৩৯	৬২-৬৪
৬৮-৬৯	গান উত্তরা। চৈত্র ১৩৩৩, পৃ ৪৯১-৯২	৬৫-৬৬
৭০	গান উত্তরা। জ্যৈষ্ঠ ১৩৩৪, পৃ ৬১৯	৬৭
৭১	গান উত্তরা। বৈশাখ ১৩৩৪, পৃ ৫৫১	৬৮

### প্রাসঙ্গিক রবীন্দ্র-পাণ্ডুলিপি

বৈকালী-সম্পর্কিত রবীন্দ্র-পাণ্ডুলিপি কোথায় কী আছে, ষত দূর জানা যায়, তাহার কালক্রমিক তালিকা এখানে দেওয়া গেল—

- ১ রবীন্দ্র-পাণ্ডুলিপি। রমা কর -সংগ্রহ। শ্রীমতী রমা মজুমদার (কর) ও শ্রীমতী করেন্দ্রনাথ করেন্দ্র বংশধরগণের সম্পত্তি। আলোকচিত্রে যে গানগুলি দেখা যায়, বর্তমান সংকলনে সংখ্যা : ২০, ২৭, ২৮ ও ৪২।
- ২ রবীন্দ্র-পাণ্ডুলিপি। শ্রীমতী রেবা মহলানবিশ (সরকার) ও শ্রীমতী শোভন সরকার -সংগ্রহ। কলিকাতা। বর্তমান সংকলনের প্রথম ও দ্বিতীয় গান, প্রত্যেকটির

মুদ্রণপ্রমাণ দীর্ঘকাল ধরিয়া চলিয়া আসিতেছে : ডালে / রবীন্দ্রসদনের আলোচ্য পাণ্ডুলিপি ও ১২৭-সংখ্যক রবীন্দ্রপাণ্ডুলিপি তথা মহলানবিশ-সংগ্রহের স্বতন্ত্র রবীন্দ্রপাণ্ডুলিপি এই সব-ক'টির অঙ্গসারে উহা 'ডালে', বৈকালীর লেখাকল মনোযোগ দিয়া দেখিলে অন্তর্কল নহে আৱ উত্তরা মাসিক পত্রেও ঐ পাঠই পাণ্ডুলিপি যায় ১৩৩৩ ফাল্গুনে।

ছুটি পাঠ, প্রত্যেকটি স্বাক্ষরিত এবং দ্বিতীয় গানের উভয় পাঠই ‘১৫ ফাল্গুন ১৩৩২’ এই তারিখ-যুক্ত। আহুষঙ্কিক তথ্য না জানিলে এই তারিখ কিঞ্চ প্রমাদজনক। শ্রীমন্তোভন সরকারের চিঠিতে (৮. ৪. ১৯৭৪) জানা যায়, শ্রীমতী রেবাৰ সহিত ওই তারিখে (২৭ ফেব্রুয়ারি ১৯২৬/১৫ ফাল্গুন ১৩৩২ ফাল্গুনপূর্ণিমা) তাহার বিবাহ হয় এবং ওই সময় রবীন্দ্রনাথ ‘ষত দূর মনে পড়ে, আগরতলায় ছিলেন। গান ছুটি পাঠিয়েছিলেন তাঁর আশীর্বাদ হিসাবে— বিবাহসভায় গান ছুটি ছেপে অতিথিদের দেওয়া হয়েছিল।’ অর্থাৎ, ‘১৫’ তারিখটি রচনার দিন নয়, ১১ বা ১২ হইতে বোধ করি বাধা নাই। ‘১৬-১৬’ সংখ্যার পাদটীকা স্ট্র়েব্য। বাহুল্য হইলেও বলা থাক, ষে-কোনো গানের একটি পাঠের সহিত আর-এক পাঠের ছবছ মিল নাই এবং গীতবিতান-ধৃত প্রচল গানের পাঠও পৃথক। তবে কোনো পাণ্ডুলিপিতেই ‘দোলে প্রেমের দোলন ঢাপা’ গানে অধিক পাঠভেদ ঘটে নাই, বিশেষতঃ গীতবিতানে ও ‘প্রবাসী’-পাণ্ডুলিপিতে পার্থক্য আসলে নাই।

৩. রবীন্দ্র-পাণ্ডুলিপি ২৭। শাস্তিনিকেতন-রবীন্দ্রসদন। ইতঃপূর্বে দেখানো হইয়াছে, ইহাই পূর্বাপর সকল বৈকালীর সমূদয় রচনার বিশেষ আধার-পাণ্ডুলিপি।
৪. নটার পূজা’র প্রাসঙ্গিক রবীন্দ্র-পাণ্ডুলিপি। অভিজ্ঞানসংখ্যা ৪৩ ও ২৫৫কে-২৫৫খ। শাস্তিনিকেতন-রবীন্দ্রসদন। ২৫৫কে সংক্ষিপ্ত অনুষ্ঠানপত্র বা বিষয়বিবরণ বলা যায়। অন্য ছুটি পাণ্ডুলিপি অসম্পূর্ণ। প্রথম পাণ্ডুলিপিতে বর্তমান সংকলনের ৩০ ও ৩৬ / দ্বিতীয়ে ৩০, ৩৩ ও ৪৪ / তৃতীয়ে ৩০, ৩৪, ৩৬ ও ৪৪ —এই সংখ্যায় নির্দিষ্ট গানগুলি দেখা যায়।
৫. নটার পূজা। রবীন্দ্র-পাণ্ডুলিপি, প্রায় সম্পূর্ণ। নাটকের স্থচনা হইতে রবীন্দ্রনাথের হাতে পত্রাঙ্ক (পৃষ্ঠাঙ্ক নয়) ৩৪ অবধি; তব্বিধে ‘১৮’ ‘১৯’ ও ‘২৫’ অঙ্কিত পাতা (পৃষ্ঠা নয়) যদি থাকিয়া থাকে, ইহাতে নাই। মুদ্রণার্থ ব্যবহৃত হইয়াছিল। বিষয়স্থচনার পূর্বে অন্য-রচনা-রিক্ত একথানি পাতায় দেখা যায়— শাস্তিনিকেতনে ‘২৫শে বৈশাখ ১৩৩৩’ তারিখে কবি ইহা ‘পরম কল্যাণীয়া শ্রীমতী গৌরী’কে দেন, ‘নটরাজ বৃত্য করে নব নব স্বন্দরের নাটে’ এই স্বপরিচিত মান্ত্রিক কবিতায়। শাস্তিনিকেতনে শ্রীমতী গৌরী দেবী ও শ্রীসন্তোষকুমার ভঁজের সংগ্রহ। ইহাতে বর্তমান সংকলনের ৩০, ৩৩, ৩৪, ৩৬ ও ৪৪ সংখ্যায় নির্দিষ্ট গানগুলি দেখা যায়।
৬. ‘প্রবাসী’-পাণ্ডুলিপি। শাস্তিনিকেতন রবীন্দ্রসদনে শ্রীমতী শাস্তা নাগ -কর্তৃক উপন্থত। ইহাকে পূর্ব-বৈকালী বলা হইয়াছে। বর্তমান সংকলনের ১ হইতে ৪০ অবধি সংখ্যায় নির্দিষ্ট, তাহা ছাড়া ৪৪-সংখ্যক গানের আধার-পাণ্ডুলিপি। ‘৪০’ সংখ্যার শেষ স্তবকটি এই পাণ্ডুলিপিতে নাই— পূর্বমুদ্রিত (অগ্রহায়ণ ১৩৩৩) ও

প্রচারিত (পৌষ ১৩৫৮) বৈকালী হইতে এই সংকলনে গৃহীত ; পূর্বমুদ্রিত ও প্রচারিত গ্রন্থে অন্য স্বকঙ্গলি যে পাতায় ছিল তাহা পাওয়া যায় নাই। দশম পাদটীকার প্রথম অনুচ্ছেদ দ্রষ্টব্য ।

- ৭ মহলানবিশ-সংগ্রহ। কলিকাতা। শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ ও শ্রীমতী নির্মলকুমারী মহলানবিশ ঘৃষ্ণীয় ১৯২৬ সনে কবির মুরোপ-অমগ্নের সঙ্গী ছিলেন।<sup>২১</sup> যে গীতিকবিতাবলীর স্বতন্ত্র পাতুলিপি ইহাদের সংগ্রহে আছে, ষেগুলির আলোকচিত্র দেখিবার ও বর্তমান সংকলনে প্রয়োজনমত ব্যবহার করিবার স্বৰূপ পাওয়া গিয়াছে, সেগুলির সংখ্যা : ৪৫-৪৭ ও ৫৯-৬৮, তাহা ছাড়া ৬৫-সংখ্যক গানের পূর্পাঠ বা পূর্বাভাস ।
- ৮ বঙ্গীয় সাহিত্যপরিষদ-সংগ্রহ। কলিকাতা। বিভিন্ন সময়ে যে গানগুলি ছাপা হয় সবুজ পত্রে, তাহারই সংগ্রহ। তন্মধ্যে ষেগুলির আলোকচিত্র দেখিবার স্বৰূপ হইয়াছে, বর্তমান সংকলনে তাহাদের সংখ্যা : ১ এবং ৫৩-৫৫, ৫৭-৫৮ ।
- ৯ রবীন্দ্রপাতুলিপি ১২৭। শাস্ত্রনিকেতন-রবীন্দ্রসদন। ইহা মহম্মা কাব্যের অন্ততম আধার-পাতুলিপি। সন্তুতঃ মহম্মার অঙ্গীভূত করার উদ্দেশে বর্তমান সংকলনের এই গীতিকবিতাবলি ইহাতে লেখা হয় বা কম-বেশি ক্লপান্তরিত হয় : সংখ্যা ৫, ২৬, ৭-১০, ২৯, ৪৩, ৪৬, ৪৭ ও ৬৪। তন্মধ্যে কেবল ৪টি কার্যতঃ মহম্মা কাব্যে গৃহীত—

#### বর্তমান সংকলনে

তোরের পাথী নবীন আঁধি / চপল তব নবীন আঁধি	(৫)
অজানা জীবন বাহিনু / জানি, তোমার অজানা নাহি গো	(৮)
বিবশ দিন, বিরস কাজ / বিরস দিন, বিরল কাজ	(২৬)
আজি এ নিরালা কুঞ্জে, আমার / আজি এই যম সকল ব্যাকুল	(৪৩)
এবং প্রচল গীত -কল্পে এই পাতুলিপিরই আর-একটি, গীতবিতানে—	
আধারের লীলা আকাশে আলোক লেখায় লেখায়	(২৯)
—ইহার পরবর্তী বিভিন্ন ছত্রে পাঠিতে প্রচুর ।	

---

২১ শ্রীমতী নির্মলকুমারী মহলানবিশের হাতের লেখায় ৩টি গান ষেমন আছে আধার-পাতুলিপিতে ( বর্তমান সংকলনে সংখ্যা ৪৫-৪৭ ) তেমনি আর-কতকগুলি গানের নকল তিনি করেন রচনাকালেই স্বতন্ত্রভাবে ( সংখ্যা ৪৫-৫৮ ) ; তন্মধ্যে শেষ ৪টি ব্যতীত প্রত্যেকটি কবি-কর্তৃক স্বাক্ষরিত— কেবল লক্ষ্য করিবার বিষয় এই যে, শেষ রচনায় ‘বেলা কখন্ ধায় গো বয়ে... মূলতানে ॥’ এই শেষ কলি ও রচনার স্থান-কাল কবির স্বত্ত্বে লেখা ।

## পাঠভেদ

রবীন্দ্রচনায়, গানে কবিতায়, পাঠভেদের অস্ত নাই বলিলে বিশেষ অত্যুক্তি হয় না। তাহার পঞ্জীকরণের উভয়চনা হইয়া থাকিলেও, সর্ব ক্ষেত্রে ‘সামগ্রিক’ অথবা সর্বাঙ্গীণ পাঠপঞ্জীগ্রন্থনের সময় স্থৰ্ঘোগ অথবা সজ্ঞাবনা এখন নাই। ১৩৭৪ বৈশাখে সাম্প্রাহিক দেশ পত্রের ‘সাহিত্যসংখ্যা’য় উত্তর-বৈকালীর সহজলভ্য পুনঃপ্রচার উপলক্ষ্যে বৈকালী লইয়া পর্যালোচনা করিয়াছেন শ্রীপুলিনবিহারী সেন; শ্রীশঙ্কেন্দুশেখর মুখোপাধ্যায়ের সহযোগে তিনি উত্তর ও পূর্ব উভয় বৈকালীর বহু পাঠভেদের দৃষ্টান্তও দিয়াছেন। এ কাজে প্রচুর ষড় পরিশ্রম অভিনিবেশ ও অভিজ্ঞতা যেমন প্রয়োজন, এজন্য বহুবিধ উপকরণেরও একত্র সমাহার হওয়া চাই। পূর্বোক্ত দেশ পত্রে (পৃ ৫৭) তাহার তালিকা একপ—

- ১ বিভিন্ন পাণ্ডুলিপি
- ২ প্রাসঙ্গিক সাময়িক পত্র
- ৩ গীতসংগ্রহের বিভিন্ন সংস্করণ
- ৪ স্বরলিপি-সংকলনের বিভিন্ন সংস্করণ
- ৫ বিভিন্ন নাটক—নাটকের বিভিন্ন সংস্করণ যাহাতে বৈকালীর গানের  
ব্যবহার
- ৬ এতৎসম্পর্কিত নাট্যাভিনয়ের অভিনয়পত্রী
- ৭ বিভিন্ন উৎসবাছুষ্ঠানে মুদ্রিত গীতসূচী বা গান
- ৮ প্রাসঙ্গিক বিভিন্ন গ্রন্থের প্রেস-কপি, কবি-কর্তৃক সংশোধিত নির্দেশাদি
- ৯ গীতশিক্ষার্থীদের সংগৃহীত রবীন্দ্রনাথের হাতে লেখা কাগজ বা ‘কার্ড’।

অতঃপর শ্রীপুলিনবিহারী সেন সত্যই বলেন, সম্ভবতঃ এ তালিকা আরও বাড়ানো যায়।<sup>২৮</sup>

যাহা হউক, বৈকালী সম্পর্কে যাহারা সেন্সরপত্রাবে পর্যালোচনা করিতে প্রস্তুত ও আগ্রহী, দেশ পত্রে ওই আলোচনা ও প্রাথমিক পাঠপঞ্জী তাহাদের অবশ্য-দ্রষ্টব্য। বর্তমান গ্রন্থে বিস্তারিত পাঠভেদ- সংকলনের অবকাশ নাই, কেবল দৃষ্টান্ত-স্বরূপ বৈকালীর কয়েকটি গান-কবিতা সম্পর্কে বিশেষ আলোচনা করা হইল।—

২৮ দেশ পত্রের বক্তব্য-সংকলন, ভাষা নয়।

## পাঠ্বৈচিত্র্য : নির্দর্শন

বলা আবশ্যিক যে, বর্তমান সংকলনে ৪০ ও ৪১ সংখ্যা দিয়া নির্দিষ্ট দুইটি ক্ষেত্রে  
কবিতা ; পরে ( ভাস্তু ১৩৩৯ ) পরিশেষ কাব্যে অভীমিত্ পরিবর্তনে ও শিরোনাম-  
যোগে গৃহীত—

# ଆଶ୍ରମବାଲିକା : ଆଶ୍ରମେର ହେ ବାଲିକା

## ଦିନାବସାନ : ବୀଶି ସଥନ ଧାରବେ ଘରେ

পরিবর্তন সম্পর্কে ৯ ও ১০ -সংখ্যক পাদটীকায় বলা হইয়াছে। দ্বিতীয়টির সাময়িক  
প্রচার ( বহুবার ) সম্পর্কে জানা যাইবে দ্বিতীয় স্থচীপত্রের একোনশেষ উল্লেখে।

3

দুইটি সংকলন মূলতঃ কবিতা হইলেও গানে পরিণতি লাভ করে ; তন্মধ্যে একটির  
( বর্তমান সংকলনে পঞ্চম : চপল তব নবীন আখি দুটি ) প্রথম স্তবকে ভাষার কোনো  
পরিবর্তন না করিয়াই স্বর দেওয়া হয় কিন্তু অপরটি হইতে বিচ্ছিন্নভাবে দুইটি গানের  
( অধিকস্তু একটি স্বাক্ষর-কবিতার ) উন্নব হয় কিভাবে, তাহা কৌতুহলজনক ।  
গান-দুইটি প্রচল গীতবিতান হইতে উদ্ধৃত করা যাইতেছে ।—

বর্তমান সংকলনে ৩৯ সংখ্যায় নির্দিষ্ট

## পরবাসী চলে এসে ঘরে

ଗାନ୍ଧି ୧ :

১  
২  
৩  
৪  
৫  
৬  
৭  
৮  
৯  
১০

পরবাসী, চলে এসো ঘরে  
অমুক্ত সমীরণভরে ।

ওই দেখো কতবার হল খেয়া-পারাপার  
সারিগান উঠিল অস্বরে ॥

আকাশে আকাশে আয়োজন,  
বাতাসে বাতাসে আমন্ত্রণ ।

মন যে দিল না সাড়া, তাই তুমি গৃহছাড়া  
নির্বাসিত বাহিরে অস্তরে ॥

কবিতার ছত্র ১ ও ২, গানেও সেইকলে। কবিতার তৃতীয় প্রবক্তের শেষ ৩ ছত্র, গানে  
ছত্র ৩-৪ কল্পে সাজানো হইয়াছে। কবিতার দ্বিতীয় প্রবক্তের ছত্র ১-২, গানে ছত্র ৫-৬।  
কবিতার চতুর্থ প্রবক্তের ছত্র ৩-৪, গানে ছত্র ৭ এবং ওই প্রবক্তের শেষ ছত্রে ‘পরবাসী’  
যথন ‘নির্বাসিত’ কল্প ধরিল সেটি এই গানের শেষ ছত্র।

গান ২ :

এসো এসো প্রাণের উৎসবে,	১
দক্ষিণবায়ুর বেণুরবে,	২
পাথির প্রভাতী গানে      এসো এসো পুণ্যম্বানে	৩
আলোকের অমৃতনির্বরে ॥	৪
এসো এসো তুমি উদাসীন ।	৫
এসো এসো তুমি দিশাহীন ।	৬
প্রিয়েরে বরিতে হবে,      বরমাল্য আনো তবে—	৭
দক্ষিণা দক্ষিণ তব করে ॥	৮
হৃংথ আছে অপেক্ষিয়া দ্বারে—	৯
বীর, তুমি বক্ষে লহো তারে ।	১০
পথের কণ্টক দলি      এসো চলি, এসো চলি	১১
ঝটিকার মেঘমন্ত্র স্বরে ॥	১২

কবিতার সপ্তম অষ্টম ও নবম স্তবকই যথাক্রমে এই গানে প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্তবক। গানের প্রথম ছত্রে ‘প্রাণের’, কবিতায় অঙ্গুলপ হলে : মাটির / গানের পঞ্চম ও ষষ্ঠ উভয় ছত্রের স্থচনাতেই ‘এসো’ কিন্তু কবিতায় : ফিরে / গানের দশম ছত্রে ‘বক্ষে লহো’ হইলেও কবিতায় অঙ্গুলপ হলে : ‘বরি’ লহো /

এই কবিতার আধারে রবীন্দ্রনাথ একটি স্বাক্ষর-কবিতা লিখিয়া দেন শ্রীশ্রীপতি বন্ধুকে ; উত্তরকালে আনন্দবাজার পত্রিকায় ( রবিবার । ২৪ বৈশাখ ১৩৬৮ ) ও ১৩৭১ সনের ‘২৫ বৈশাখ’ উৎসবপত্রে ( বিশ্বভারতী ) ইহার লিপিচিত্র প্রকাশিত :

স্বাক্ষর-কবিতা

কোথা যাবে সে কি জানা নেই ?	১
যেখা আছ ঘর সেখানেই ।	
মন যে দিল না সাড়া,	
তাই তুমি গৃহচাড়া,	
পরবাসী বাহিরে অস্তরে ।	
আভিনান্ন ঝাকা আভিনৃপনা	
ঝাখি তব চেয়ে দেখিল না ।	

মিলন ঘরের বাতি

জলে অমলিন ভাতি	২
সারারাতি জানালার পরে ।	১০

এসো এসো উদাসীন	১১
এসো এসো দিশাহীন	১২
পরবাসী চলে এসো ঘৱে।	১৩

২৫ বৈশাখ । ১৩৩৮

মূল কবিতার চতুর্থ-পঞ্চম স্তবক লইয়া ইহার ছত্র ১-১০। তন্মধ্যে নবম ছত্রের ‘অমলিন’,  
মূলতঃ ছিল : অনিমেষ / পূর্ব কবিতার অষ্টম স্তবকের প্রথম-দ্বিতীয় ছত্র হইতে এ  
কবিতার ছত্র ১১-১২ ; পরিবর্তন হয় পুরোগামী গানের পঞ্চম ও ষষ্ঠ ছত্রের ধাঁচে,  
অধিকস্তু ‘তুমি’ বর্জিত হইয়াছে। মূল কবিতার প্রথম ছত্রই স্বাক্ষর-কবিতার শেষ ছত্র।

### ৩

বৈকালীর কয়েকটি গান আশীর্বাদজ্ঞাপক কবিতা রূপে ব্যক্তিগত সংগ্রহে আছে বা  
সাময়িক পত্রেও প্রকাশিত হইয়াছে। গান হইতে কবিতায় অথবা কবিতা হইতে  
গানে রূপান্তর, ইহাতে সময়ের বিশেষ ব্যবধান না'ও থাকিতে পারে অথবা সব কয়টি  
কবিমানসে মূলতই গান একুপ হইতে পারে। তুলনীয় বর্তমান সংকলনে—

তৃতীয় :

নববধূ

বসন্তের দৃতী তুমি, ফালনের কুসুম-উৎসবে	
আনন্দের দান তব পরিপূর্ণ করি দিবে কবে ?	২
বকুলবীথিকাতলে	৩
বিহরিবে লীলাচলে,	৪
আকুল কুস্তলগঙ্কে বনছায়া রোমাঞ্চিত হবে।	
তণহিমোলিত পথে মঞ্জীরের কলোলগুঞ্জন	৬
ক্ষণে ক্ষণে ভেঙে দিবে নিকুঞ্জের নিভৃত স্বপন।	৭
আকাশে তোমার আঁধি	৮
কে ভুলায়ে লবে ডাকি,	৯
ধেয়ানে দেখিতে পাবে দিকে হৃদয়বন্ধনে।	

২১শে ফাল্গুন। ১৩৩২

—ভারতী, চৈত্র ১৩৩২, পৃ ৪৬৭

আগরতলা হইতে প্রচারিত ত্রৈমাসিক রবি পত্রে ( চৈত্র ১৩৩২, পৃ ৩৮০ ) ‘গান’  
শিরোনামে ও বিচিত্র পাঠান্তরে ইহারই প্রকাশ : ছত্র ২, ‘দান তব’ হলে : সুধাপাত্র /  
ছত্র ৩-৪, শেষ পদটি না ধরিলে : বঙ্গুলনিকুঞ্জতলে / সঞ্চরিবে / ছত্র ৬ : চঞ্চল মঞ্জীরঘাতে  
মুখর কলোলগুঞ্জন / ছত্র ৭, ‘দিবে নিকুঞ্জের’ হলে : দেবে অরণ্যের / ছত্র ৮-৯ : নয়ন-  
পন্থবে হাসি / হিমোলি উঠিবে ভাসি / রচনাকালের নির্দেশ : ১৮ই ফাল্গুন ১৩৩২।

१८ [ ११|१२? ] फाल्गुन | १९७२

শ্রীরবীজনাথ ঠাকুর

অনুকূল আশীর্বচন, স্বাক্ষর ও রচনার তারিখ-সহ ইহার অপর যে পাঠ, তাহাতে বৈকালীর ও গীতবিতানের পাঠের সহিত সাদৃশ্য অধিক। যাহা হউক, উল্লিখিত পাঠের তুলনায় ছত্র ২, ‘বাণী মোর’ স্থলে : গানখানি / ছত্র ৩ : দিলো তারে বনবীথি / ছত্র ৪, ‘গুলি’ স্থলে : গীতি / ছত্র ৫, ‘হোক’ স্থলে : হোলো / ছত্র ৬-১০, বর্তমান গ্রহের দ্বিতীয় স্তবকের ছত্র ১-৫ -সদৃশ। ‘আশীর্বাদ’ কবিতার এই দ্বিতীয় পাঠে ধূঘাটির (সব পাঠেরই প্রথম ছত্র) পুনরাবৃত্তি দৃষ্টিবার ; অনুকূল দৃষ্টি স্থলে বর্তমান গ্রহে শব্দ : মধুর বসন্তে ॥

ଶ୍ରୀଧର :

ବାବ ଲିକେ

ফুটল রসের দোলন টাপা / হৃদয়আকাশে ।

ଦୋଳ ଫାଣୁନେର ଟାଦେର ମତନ / ଶୁଧୀୟ ମାଥା ସେ ॥

३०५

ইহার দ্বিতীয় পাঠের শিয়ারে আছে : আশীর্বাদ / বাব্লিকে / (শ্রীমতী রেবা সরকার)।  
প্রথম ছত্রে ‘ফুটল রসের’ হলে : দোলে প্রেমের (বর্তমান এবং অনুরূপ) / দ্বিতীয়  
ছত্রে ‘মতন’ হলে : আলোয় (বর্তমান এবং : আলোর) — ইহা ছাড়া পাঠভেদ নাই।  
এছের পাঠ গীতবিভানের সদৃশ, প্রথম পদের পুনঃপুনঃ আবৃত্তি ‘গায়কি’র অঙ্গ। ২৯

২৯ সংকলনের প্রথম ও দ্বিতীয় গানের তুলনা ব্যাপারে, পুরোগামী পাত্রলিপির তালিকায় ও বিবরণে দ্রষ্টব্য, সংখ্যা-২।

কোনো কোনো গানের প্রথম ছত্রেই চমৎকারভাবে পাঠভেদ ঘটিয়াছে উন্নতরকালে।  
যেমন বর্তমান সংকলনের

- ১২) ‘আমার মুক্তি গানের স্বরে’ পরে হয় : আমার মুক্তি আলোয় আলোয় /  
গীতবিতান দ্রষ্টব্য। ইহার পরের অংশেও অনেক পরিবর্তন আছে।
- ১৪) ‘ভালো লাগার শেষ যে না পাই’ পরে হয় : মধুর, তোমার শেষ যে না  
পাই / অন্তান্ত ছত্রে পাঠভেদ নাই।
- ৩৫) বৈকালী-ধৃত ‘তব অমৃত বাণী

অঙ্গে আমার চিত্তে আমার / মৃত্তি পেয়েছে জানি।’

গীতবিতানে : অরূপ তোমার বাণী

অঙ্গে আমার চিত্তে আমার / মৃত্তি দিক সে আনি।

পরের দুইটি ছত্রে ষৎসামান্য আরও পাঠভেদ আছে, পাঠক তুলনা করিয়া  
দেখিতে পারিবেন। ব্যালাটন ফ্ল্যুরেডের আরোগ্যভবন হইতে মুক্তিলাভের  
পূর্বেই ইহার যে পূর্বাভাস কবি-মানসে ও লেখনীতে আসে সেটি এখানে  
সংকলন করা গেল ( প্রথম ছত্রের শব্দগত সাদৃশ্য প্রথম ও শেষ পাঠে )—

অমৃত একান্তৰণী  
 অমৃত প্রকৃত বিদ্যুৎ—  
 ৩২ ফুলে জনন।  
 বিদ্যুৎ উৎসের এই  
 বিদ্যুৎ দিলানিষ,  
 অমৃত এক প্রকৃত  
 কুপুর গৃহ নিধি  
 বিদ্যুৎ নহি প্রাপ্ত ছান্তু  
 অমৃত ইচ্ছাপূর্ণ ॥

গীতপ্রের্ণ  
 ১৩ বর্ষস্বত্ত্ব ।  
 ১৯২৬

ইতঃপূর্বে বৈকালী-সম্পর্কিত রবীন্দ্র-পাণ্ডুলিপির তালিকায় রবীন্দ্রসদনের ১২৭-সংখ্যক  
রবীন্দ্র-পাণ্ডুলিপির বিবরণে বলা হইয়াছে, ১৩৪ সনে মহয়া কাব্যে (আধিন ১৩৫৬)  
সংকলনের উদ্দেশে ষথাপূর্ব ক্লপে অথবা বিচ্ছিন্ন ক্লপান্তরে কোন্ কোন্ রচনা  
কবি উহাতে লিপিবদ্ধ করেন। কার্যতঃ সবগুলি মহয়ায় গ্রহণ করা হয় নাই;  
ষেগুলিতে পরিবর্তন করা হইয়াছে, পরিবর্তনের প্রকৃতি ও পরিমাণ একক্লপ  
নহে। মুদ্রিত কাব্যগ্রন্থে, যুগপৎ বৈকালীতে ও মহয়ায়, ষেগুলি আছে, সেগুলির  
পারস্পরিক তুলনা পাঠক নিজেই করিতে পারিবেন; অন্ত কতকগুলি রচনার  
ক্লপান্তরবৈচিত্র্য এ স্থলে অনুধাবনের ঘোগ্য ।<sup>৩০</sup> ১২৭-আধাৱিত  
বৰ্তমান সংকলনের—

১০

আমাৱ লতাৱ প্ৰথম মুকুল :

আমাৱ প্ৰাণেৱ জাগৱণী দৃতী  
চেয়ে আছে মোৱ পানে,

শুধায় আমাৱে, “এসেছি এ কোন্থানে ?”

এসেছ আমাৱ জীবনলীলাৰ রঙে,

এসেছ আমাৱ তৱল ভাৱেৰ ভঙ্গে,

এসেছ আমাৱ স্বৰতৰঙ্গানে

জাগাতে সে কথা যাহা কেহ নাহি জানে ॥

আমাৱ প্ৰাণেৱ জাগৱণী দৃতী

প্ৰভাতালোকমাবো

শুধায় আমাৱে, “এসেছি এ কোন্ কাজে ?”

এসেছ টুটিতে কাজেৰ জটিল গ্ৰহি,

বিৱস চিঞ্জে অমৃত তুলিতে মহি’,

বাজাতে বাঁশৱী শ্ৰেমাতুৱ দুনয়ানে,

মিলাতে তোমাৱে আমাৱ আজ্ঞানে ॥

৩০ ১২৭-সংখ্যক রবীন্দ্র-পাণ্ডুলিপিৰ বিবৱণে বৰ্তমান বৈকালীৰ ৫, ৭, ৮, ৯, ১০, ২৬,  
২৯, ৪৩, ৪৬, ৪৭ ও ৬৪ সংখ্যাৰ নিৰ্দেশ। তন্মধ্যে ৫, ৮, ২৬ ও ৪৩ মহয়া কাব্যে  
গৃহীত আৱ ৭ ও ৯ অঙ্ক-যুক্ত রচনায় কোনো পৰিবৰ্তন হয় নাই। স্বতন্ত্ৰ  
আলোচনাৰ বিষয়— ‘১০’, ‘৪৬’, ‘৪৭’, ‘৬৪’ ও বিশেষভাৱে ‘২৯’।

এটা ভূমিকায় [ মহম্মদ'র ] ষেতে পারে / কবি-কর্তৃক এই মন্তব্য লেখার পরেও  
আগস্ত রচনা বর্জনচিহ্নে লাইত। ইলাপত্র : ২৫ শ্রাবণ ১৩০৫

৪৬

কার চোখের চাওয়ার :

চোখের চাওয়ার হাওয়ায় দোলায় মন !  
তাই কি হৃদয় বিকল সকল থন ?  
তাই হাসি তোর অঞ্চারায় ধোওয়া,  
ভাবনা কি তাই মৌনছায়ায় ছোওয়া ?  
ভাষায় কি তাই রাগিণীর আবরণ ?  
কেমন বিকল আছিস সকল থন !  
পরশমণির পরশে পরাণ জাগা,  
তাই তো তোমার স্বপ্ন সোনায় লাগা।  
দিনের প্রবাহে প্রহরলহীতলে  
ঝিলিমিলি করি স্বর্ণবলক ঝলে  
কালোয় আলোয় কাপায় আথির কোণ,  
কেমন বিকল আছিস সকল থন !!

ছন্দের প্রকৃতিগত পরিবর্তন লক্ষণীয়। নৃত্য ছন্দে মাত্রাপূরণের জন্মও বহু পরিবর্তন।  
পাঞ্জুলিপি-পর্যালোচনায় ধারণা হয় যে, রচনা : ২৭-২৮ শ্রাবণ ১৩০৫। অর্থাৎ, ২৭  
বা ২৮ যে কোনো তারিখে।

৪৭

রঘ যে কাঙাল শৃঙ্গ হাতে :

নিঃস্ব যে রঘ শৃঙ্গ পাত্রে  
দিনের শেষে  
সেই দেখা দেয় নিশ্চিথ রাত্রে  
রাজার বেশে।  
দিবসে ম্লান সে রাজপথে তারে  
ঘৌন দেখি,  
তিথিরআসনে চক্ষুতে তার  
দীপ্তি একি !  
পুস্পমুকুট কে পরামে দেয়  
তাহার কেশে।

ଦିନେ ତାର କାଜେ ଶୁର ଛିଲ ନା ସେ  
ତାଇ ତୋ ହେଲା,  
ବିଜୟମସ୍ତ୍ର ବାଜାୟ ତସ୍ତ୍ରୀ  
ରାତେର ବେଳା ।

ତଞ୍ଚାବିହୀନ ଅଙ୍ଗକାରେର  
ବିପୁଳ ଗାନେ  
ମଞ୍ଜିଯା ଉଠେ ଗୌରବବାଣୀ  
ତାହାର ପ୍ରାଣେ,  
ତାରାର ଆଲୋୟ କେ ତାହାରେ ଛୋଯ  
ବକ୍ଷେ ଏମେ ॥

[ ୨୭-୨୮ ଆବନ ୧୩୭୯ ]

ছন্দোভেদ ইহাতেও লক্ষ্য করিতে হইবে ; অনেক পাঠভেদের কারণ তাহাই ।  
পাঞ্চলিপিতে, পূর্ব সংকলিত রচনার অব্যবহিত পরে ইহার স্থান । দুটিতেই উভয়-  
বৈকালী-ধৃত মূল রচনার স্থান-কাল দেওয়া থাকিলেও, পরিবর্তনের কাল ২৭—২৮  
শ্রাবণ ইহাতে সন্দেহ নাই ।

পরবর্তী সংকলন দ্বিভাষিক ; আলোচ্য পাণ্ডুলিপিতে প্রথমটি লাহিত এবং  
দ্বিতীয়টি ‘গ্রাহ’ পাঠ—কেননা, বর্জনচিহ্ন নাই ।

68

## ପାହୁ ପାଥୀର ରିକ୍ତ କୁଳାୟ :

পাহু পাখীর রিক্ত কুলায়  
কান পেতে রঘ ডালে  
পলাতকার পথের পানে  
পাতার অস্তরালে ।

বাসায় ফেরা ডানার শব্দ  
নিঃশেষে সব হল স্তুত,  
সক্ষ্যাতারার মন্ত্র উঠে  
দিনের বিদায়কালে ।

શ્રીજામિ

ବିତୀୟ ଶ୍ଵକେ ପରିବର୍ତ୍ତନ ନାହିଁ, କୋଣୋ ଶ୍ଵକେଇ ‘ଧୂମା’ ଲେଖା ହୁଏ ନାହିଁ, ଶେଷ ଛାତ୍ର :  
ବେଣୁଶାଥାର ତାଳେ ॥ / ପରିବର୍ତ୍ତିତ ପାଠେର ରଚନା ମନେ ହୁଏ : ୨୬-୨୭ ଅଗସ୍ଟ, ୧୯୧୮  
ବା ୧୦-୧୧ ଭାଦ୍ର ୧୩୭୫ । ସବ୍ରତ ବର୍ଜନଚିହ୍ନିତ ।

## গ্রাহ পাঠ

পাহু পাখীর রিস্ত কুলায় আমি  
কান পেতে রই ডালে ।  
সকালবেলায় নিল সে বিদায় সাগরতীর্থগামী  
গিরিয়া অস্তরালে ।

বর-ফেরা যত ডানার শব্দ শুণি,  
শেষ হয়ে যায়, আর কিছু নাহি শুনি ;  
সন্ধ্যাতারার মন্ত্রজপের সময় ঘনায়ে এল  
দিনের বিদায়কালে ॥

চন্দমা দিল রোমাঞ্চে চঙ্গলি’  
তরঙ্গ সিঙ্গুর ।

বনচ্ছায়ার রঞ্জে রঞ্জে মাণিক্য পড়ে গলি’  
জ্যোৎস্নার বিন্দুর ।

স্মৃতিবিহীন অসীম শূণ্যতা যে  
সকল প্রহর হৃক্ষারিয়া বাজে  
বক্ষে আমার ; বৈরাগী এই রাতের হাওয়ার স্বরে  
পন্থবকলতালে ॥

শক্ষণীয় এই যে, ছন্দোভেদ ঘটিয়াছে, কতকগুলি ছত্রে মাত্রাসংখ্যা বাড়াইয়া স্বকের ঝাদও বদল করা হইয়াছে। এই পরিবর্তিত রচনার কাল ২১ অগস্ট বা ১১ ভাদ্রের পরে কিন্তু ১ কার্তিক ১৩৩৪ তারিখের পূর্বে। অর্থাৎ, ১১ ভাদ্র—১ কার্তিক ১৩৩৪। এই গীতিকবিতার সর্বশেষ পদ, এ সম্পর্কে ২৬-সংখ্যক পাদটীকা বিশেষ দ্রষ্টব্য।

পরবর্তী আলোচনা যে কবিতা বা গান লইয়া, তাহার উন্নবের ও ক্রমপরিণতির ইতিহাস বিচিত্র। দ্বিতীয়, বিশেষতঃ তৃতীয় স্থচীপত্রে ( পৃ ১৯ ও ১৪৩ / পারম্পর্যে ১০ ও ৪৭ ), যেমন ইহার উল্লেখ, তেমনি অয়োদ্যশ ও অয়োবিংশ টীকায় ইহার বিষয় বলা হইয়াছে। ২৭-সংখ্যক রবীন্দ্রপাণ্ডুলিপির ‘১৯’ পৃষ্ঠার পাঠ উদ্ধার করা যায় নাই তবে এটুকুই অনুমান করা চলে যে, এই পাঠ ‘প্রবাসী’-পাণ্ডুলিপির অনুরূপ ( বর্তমান গ্রন্থে ‘২৯’ সংখ্যায় সেই পাঠই দেখা যায় ), পক্ষান্তরে ইহার বীজন্ম কী ছিল এবং পরে পরে কী পরিবর্তন হইল স্বস্পষ্ট রবীন্দ্রলেখাকেন বিধৃত।

যথা—

ক)

## স্বাক্ষর-কবিতায় পূর্বাভাস

মুঁঠীবৰ্ত নীলৰ মণিশ মলেশ-নেহুৰ,  
 ছন্দেৰ নীলৰ যচন হৃদয়ে;  
 একলো নীলৰ কৃষ্ণ কুমাৰ কেহুৰ,  
 একলো নীলৰ চৈল গৃহে।।

৫ জুনে চৈত্ৰ  
 ১৩৩১

—শ্রীমতী লীলা মজুমদারের স্বাক্ষরসংগ্ৰহ

- খ) রবীন্দ্র-পাণ্ডুলিপি ২৭, পৃ 19-ধৃত রূপ। পাঠোকার হয় নাই। রচনা ১২ চৈত্ৰ  
 ১৩৩২ তারিখের আগে অথবা ওই দিবসে।
- গ) ‘প্ৰবাসী’-পাণ্ডুলিপি তথা বৰ্তমান গ্ৰন্থ-ধৃত রূপ। ২৯ বৈশাখ ১৩৩৩ তারিখে  
 বা অব্যবহিত পূৰ্বে প্ৰবাসী-সম্পাদকের উদ্দেশে প্ৰেৱিত। এই পাঠ পূৰ্বোক্ত  
 প্ৰচলন বা অবলুপ্ত পাঠের প্ৰতিৰূপ না হইলেও অনুৰূপ হইতে পারে।
- ঘ) পরিবিত্ত রূপ

মুঁঠীবৰ্ত নীলৰ মণিশ এক চৈলয়ে  
 মৈনেৰ নীলৰ ছন্দেৰ হৃদয়ে।  
 একলো নীলৰ মণিশ কৃষ্ণ কুমাৰ কেহুৰ,  
 একলো নীলৰ গোবৰ যোৰ দিলাৰ দেশুৰ,  
 একলো নীলৰ গুৰুল গুৰুল গুৰুল  
 গুৰুল গুৰুল গুৰুল গুৰুল।।

আমৰাবৰ্ত পাণ্ডুলিপি-গুৰুল গুৰুল-নীলৰ,  
 হৃষ্টিকুৰুৰ নীলৰ যন্ত্ৰ কুচিন লিলৰ,  
 শৰণ্তুৰ নীলৰ প্ৰণৰ কুচিন প্ৰণৰ।।

শুল্মৰাবৰ্ত মুৰুৰ মুৰুৰ কুচিন হৈলৰ,  
 কুচিনেৰ মুৰুৰ মুৰুৰ মুৰুৰ মুৰুৰ,  
 আৰুত মুৰুৰ মুৰুৰ হৈলৰ প্ৰণৰ।।

—রবীন্দ্র-পাণ্ডুলিপি ২৭, পৃ 143

‘145’ পৃষ্ঠা -ধূত লাহিত এবং সন্তুষ্টঃ বর্জিত / অপ্রকাশিত ইংরেজি কল্পাস্তরের রচনা :  
১৭ জুলাই ১৯২৬ বা ১ আবণ ১৩৩৩। বাংলা রচনা যে ওই দিনে বা উহার  
অব্যবহিত পূর্বে তাহা অনুমান করা চলে।

ও )

### প্রচল গীতকল্প

আধারের লীলা আকাশে আলোকলেখায় লেখায়

ছন্দের লীলা অচল কঠিন মৃদঙ্গে ।

অঙ্গপের লীলা অগোণা কল্পের রেখায় রেখায়,

স্তুতি অতল খেলিছে তরল তরঙ্গে ।

৪

আপনারে পাওয়া আপনা-ত্যাগের গভীর লীলায়,

মূর্ণির লীলা মূর্ণিবিহীন কঠোর শিলায়

শান্ত শিবের লীলা যে প্রলয়জ্ঞভঙ্গে ॥

শৈলের লীলা নিরূপরকলকলিত রোলে,

শুভ্রের লীলা কত না রঙ্গে বিরঙ্গে ।

মাটির লীলা যে শঙ্কের বায়ু-হেলিত দোলে,

আকাশের লীলা উধাও ডানার বিহঙ্গে ।

১১

স্বর্গের খেলা মর্ত্ত্যের ম্লান ধূলায় হেলায় ।

দুঃখেরে লয়ে আনন্দ খেলে দোলন-খেলায়,

শৌর্যের খেলা ভীরু মাধুরীর আসঙ্গে ॥

—রবীন্দ্রপাণ্ডুলিপি ১২৭, পৃ 57

রচনা ৭-১০ ভাদ্র ১৩৩৫ তারিখে, কেননা এই খসড়া-পাণ্ডুলিপিতে পূর্ববর্তী রচনায়  
তারিখ ২৩ অগস্ট ১৯২৮ বা ৭ ভাদ্র এবং পরবর্তী রচনার তারিখ : ২৬ অগস্ট ১৯২৮  
বা ১০ ভাদ্র ১৩৩৫। মূলতঃ মহম্মদ কাব্যে সংকলনের উদ্দেশে রচিত মনে হয়।  
গীতবিভান-ধূত প্রচল গীতকল্পে একটি মাত্র পাঠপরিবর্তন চতুর্থ ছত্রে, ‘খেলিছে’ স্থলে :  
খেলায় / একাদশ ছত্রে একটি পাঠপ্রমাদ-জনিত মুদ্রণপ্রমাদও সন্তুষ্টঃ আছে—  
‘ডানার’ স্থলে : ভাষার / তাংপর্যের দিক দিয়া অনাহৃত বা অবাঙ্গিত মনে হয়।

পাঠবৈচিত্র্যের সংকলন শেষ করা গেল। কৌতুহলী তথা কাব্যজিজ্ঞাস্ত পাঠক বর্তমান  
গ্রন্থ, গীতবিভান, মহম্মদ, প্রাসঙ্গিক অন্তর্গত নাটক / কাব্য মিলাইয়া দেখিলে আরও  
অনেক পাঠভেদ দেখিতে পাইবেন। নিজের লেখা নিজে নকল করিতে গিয়াও কবি  
পাঠ বদল করেন নাই, এ দৃষ্টান্ত বিরল হইতে পারে। ‘এই পাঠ অথবা এই ছত্র  
ভালো’ ‘এটি ভালো নয়’, আশু একপ সিদ্ধান্তের লোভ সংবরণ করিলে হয়তো দেখা

ষাইবে— বিভিন্ন পাঠের প্রয়োগ বা প্রয়োজন বিচিৰ আৱ বিশেষ উপযোগিতাৰ  
অবশ্যই রহিয়াছে।

॥ সংকলন-স্তুতি ॥ বৰ্তমান সংকলনেৱ অৰ্থাৎ অথও বৈকালীৰ ক্ৰমিক অঙ্ক -অনুষ্ঠানী—  
১-১৯, ২১-৪০ ‘প্ৰবাসী’-পাঞ্চলিপি হইতে।  
২০, ৪০ (শেষ-স্তুতি) - ৪৮, ৫১-৬৪ ও ৬৬ পূৰ্বমুদ্ৰিত বৈকালী হইতে  
যাহাৱ মূলাধাৰ ‘এল্যুমিনিয়মেৱ পাতে’ কবিৱ হাতেৱ লেখা।  
৬৫, ৬৭, ৬৮ ও গ্ৰহস্পৰিচয়-ধৃত ৬৫’ৰ পূৰ্বাভাস যে আদৰ্শ হইতে  
সেগুলি রহিয়াছে মহলানবিশ-সংগ্ৰহে।  
৪৯ ও ৫০, ব্যবহাৰযোগ্য অন্য রবীন্দ্ৰপাঞ্চলিপিৰ অসন্তাবে, ১৩১৪  
বৈশাখে মাসিক বস্তুমতী পত্ৰে মুদ্ৰিত লিপিচিৰ হইতে ঈষৎ  
বধিতাকাৰে গৃহীত।

সৰশেষ দুটি গান ( ৬৭ ও ৬৮ ) ধাতুপত্ৰে লেখা উত্তৰ-বৈকালীতে আদৌ না  
থাকিলো, স্বাধিকাৰে উহাতে তাহাদেৱ স্থান ও মৰ্যাদা সম্পর্কে সংশয়েৱ অবকাশ  
নাই। কেননা, বৈকালী-ৱচনাপৰ্বেৱ সহিত ওই দুটি গান অঙ্গাঙ্গীভাবে ঘূৰ্ণ এবং  
সংগীতে যেমন সম বা শম, সৰশেষ গানে তেমনি সমুদায় বৈকালীৰ অভীষ্ট পৱিণাম  
বা সুসংগত সমাপ্তি।

॥ স্বীকৃতি ॥ সম্পূৰ্ণ ‘প্ৰবাসী’-পাঞ্চলিপি পাঞ্চয়া গিয়াছে ও ব্যবহাৱেৱ স্বযোগ হইয়াছে  
শ্ৰীমতী শাস্তা নাগেৱ সৌজন্যে।  
বৈকালীৰ বহু গানেৱ প্ৰতিচিৰণ শ্ৰীমতী নিৰ্মলকুমাৰী মহলানবিশেৱ  
সৌজন্যে সন্তুষ্পৰ হইয়াছে।  
বহু গানেৱ ৱচনাকাল জানিবাৰ স্বযোগ দেন শ্ৰদ্ধেয় অমাদিকুমাৰ দণ্ডিদাৱ।  
'নটীৱ পুজা'ৰ রবীন্দ্ৰপাঞ্চলিপি দেখিবাৰ স্বযোগ দেন শ্ৰীসন্তোষকুমাৰ ভঞ্জ ও  
শ্ৰীমতী গৌৱীদেবী।  
গ্ৰহস্পাদনায় বহু তথ্যেৱ সন্ধান দিয়াছেন শ্ৰীপুলিনবিহাৰী সেন এবং  
শ্ৰীশোভনলাল গঙ্গোপাধ্যায়।

সম্পাদনা ও গ্ৰহস্পৰিচয়-ৱচনা : শ্ৰীকানাই সামন্ত

## বর্ণানুক্রমিক সূচীপত্র

সূচনা	সংখ্যা	পৃষ্ঠা
অনন্তের বাণী তুমি	৩	৩
অনেক কথা যাও যে ব'লে	১৬	১৮
আকাশ, তোমায় কোন্ কুপে মন	৪৯	৬১
আকাশে তোর তেমনি আছে ছুটি	৬১	৭৩
আজি এই যম সকল ব্যাকুল	৪৩	৫৪
আঁধারের লীলা আকাশে আলোক-লেখায়	[ ২৯ ]	১১২
আঁধারের লীলা আকাশে আলোক লেখায় লেখায়	[ ২৯ ]	১১৩
আঁধারের লীলা আকাশে আলোকলেখায় লেখায়	২৯	৩২
আঁধারের লীলা আলোর রঙ বিরক্তে	[ ২৯ ]	১১২
আধেক ঘুমে নয়ন চুমে	২২	২৫
আপন গানের টানে, আমার	৫৭	৬৯
আপনহারা মাতোয়ারা	৪২	৫৩
আপনারে দিয়ে রচিলি রে কি এ	৩৫	৩৮
আপনি আমার কোন্খানে	৫৮	৭০
আমার প্রাণে গভীর গোপন	৩১	৩৪
আমার প্রাণের জাগরণী দৃতী	[ ১০ ]	১০৮
আমার মুক্তি গানের স্বরে	৫২	৬৪
আমার লতার প্রথম মুকুল	১০	১২
এ পথে আমি যে গেছি বার বার	২৩	২৬
এবার এল সময় রে তোর	১৯	২১
এসো আমার ঘরে	২৮	৩১
এসো এসো প্রাণের উৎসবে	[ ৩৯ ]	১০৪
ওগো জলের রাণী	২০	২২
ওগো সুন্দর, একদা কী জানি	৫৯	৭১
কাঁদার সময় অল্প ওরে	১২	১৪
কার চোখের চাওয়ার	৪৬	৫৮
কী পাই নি তারি হিসাব মিলাতে	১৪	১৬

কী ঝুল করিল বিপুল অক্ষকারে	২	১১
কেন রে এতই শাবার ফরা	১১	১৩
কোথা ষাবে সে কি জানা নেই	[ ৩২ ]	১০৪
কোথায় ফিরিস পরম শেষের অভ্যবশে	৬০	৯২
ক্ষত ষত ক্ষতি ষত	৬৭	৯৯
চপল তব নবীন আখি ছুটি	৫	৬
চাহিয়া দেখো রসের শ্রোতে শ্রোতে	৫৫	৬৭
চোখের চাওয়ার হাওয়ায় দোলায় মন	[ ৪৬ ]	১০৯
ছুটির বাঁশি বাজ্জল যে ঈ	৮৮	৬০
জানি, তোমার অজানা নাহি গো	৮	১০
তপস্থিনী হে ধরণী, ওই যে তাপের বেলা আসে	২৫	২৮
তব অমৃত্ত বাণী	৬৫	৭৭
তুমি উষার সোনার বিন্দু	৫৬	৬৮
তুমি কি এসেছ মোর দ্বারে	৩৬	৩৯
তোমার অঙ্গপ বাণী	[ ৬৫ ]	১০৭
তোমার বীণা আমার মনোমারে	৪	৪
তোর ভিতরে জাগিয়া কে যে	৫০	৬২
দিন পরে ষায় দিন	২৪	২৭
দিনের বেলায় বাঁশি তোমার	৬৩	৭৫
দে পড়ে দে আমায় তোরা	১৭	১৯
দোলে প্রেমের দোলন টাপা	১	১
নাই, নাই ভয়, হবে, হবে জয়	৫১	৬৩
নিশাখে কী কয়ে গেল মনে	৩০	৩৩
নিঃস্ব যে রয় শূন্ত পাত্রে	[ ৪৭ ]	১০৯
নৃপুর বেজে ষায় রিনিরিনি	৬	৮
পথ এখনো শেষ হল না	৬২	৯৪
পথে ষেতে ডেকেছিলে মোরে	৩৪	৩৭
পরবাসী চলে এসো ষরে	৩৯	৪২
পরবাসী চলে এসো ষরে	[ ৩৯ ]	১০৩
পাতার ভেলা ভাসাই নীরে	১৮	২০
পাহু পাথীর রিস্ত কুলায় আমি	[ ৬৪ ]	১১১

পাহাড়ির রিস্ক কুলায় কান পেতে রয়ে ভালে	[ ৬৪ ]	১১০
পাহাড়ির রিস্ক কুলায় / গহন গোপন ভালে	৬৪	১৬
ফাণের নবীন আনন্দে / গানধানি	২	২
ফাণের নবীন আনন্দে / বাণী মোর	[ ২ ]	১০৬
ফুটল রসের দোলন টাপা	[ ১ ]	১০৬
বনে ষদি ফুটল কুম্ভ	২৭	৩০
বসন্তের দৃতী তুমি	[ ৩ ]	১০৪
বাধন-ছেঁড়ার সাধন হবে	৩৩	৩৬
বাণি আমি বাজাই নি কি	৬৬	৭৮
বাণি যখন থামবে ঘরে	৪০	৪৫
বিনা সাজে সাজি দেখা দিয়েছিলে কবে	১৩	১৫
বিরস দিন, বিরল কাজ	২৬	২৯
ভালো লাগার শেষ যে না পাই	৫৪	৬৬
মরণসাগরপারে তোমরা অমর	৩৮	৪১
মাঘের বিদায়ক্ষণে	৪১	৪৯
যা পেয়েছি প্রথম দিনে	৬৮	৮০
রয় যে কাঙাল শৃঙ্গ হাতে	৮১	৯৯
লিখন তোমার ধূলায় হয়েছে ধূলি	৭	৯
শেষ বেলাকার শেষের গানে	২১	২৪
সকাল বেলার আলোয় বাজে	৫৩	৬৫
সে কোন্ পাগল যায় পথে তোর	৮৫	৯৭
সেই ভালো সেই ভালো	১৫	১৭
হার মানালে ভাঙিলে অভিমান	৩২	৩৫
হে চির-নৃতন আজি এ দিনের	৩৭	৪০
হে মহাজীবন, হে মহামরণ	৮৮	৯৬

বিশ্বভারতী গ্রন্থনথিভাগের পঞ্জাশ্বৰ্ষ-পূর্তি উপলক্ষে  
প্রকাশ : ৩২ আষাঢ় ১৩৮১ : ১৭ জুলাই ১৯৭৪

© বিশ্বভারতী ১৯৭৪

প্রকাশক রণজিৎ রায়  
বিশ্বভারতী। ১০ প্রিটোরিয়া স্ট্রীট। কলিকাতা ১৬

মুদ্রক শ্রীসুর্ধনারায়ণ ভট্টাচার্য  
তাপসী প্রেস। ৩০ বিধান সরণী। কলিকাতা ৬

Barcode : 4990010228092

Title - Baikali

Author - Tagore, Rabindranath

Language - bengali

Pages - 130

Publication Year - 1926

Barcode EAN.UCC-13



4990010228092